

থেকে। সমগ্র অনুষ্ঠান ভাবনা ও
পরিকল্পনায় বিশ্বাবতী দেবী।

ক্যান্সার দিবস



সংস্কৃতির প্রতিবেদন: সরোজ
গুপ্ত ক্যান্সার সেন্টার অ্যান্ড রিসার্চ
ইনস্টিটিউট, ঠাকুরপুকুর এবং
লায়ন্স ক্লাব অফ হাওড়া-এর
উদ্যোগে ৪ ফেব্রুয়ারি ২০২৬
ক্যান্সার দিবস উপলক্ষে ক্যান্সার
রোগী ও সুস্থ হয়ে ওঠা যোদ্ধাদের
সাহস ও জয়গাথা উৎসর্গ করা
হয়। প্রধান অতিথি ছিলেন বিশিষ্ট
সঙ্গীতশিল্পী শ্রীরাধা বন্দ্যোপাধ্যায়।
বিশিষ্ট অতিথি ছিলেন বিনীত জৈন,
লায়ন্স ক্লাব হাওড়ার সভাপতি,
মানভূম আনন্দ আশ্রম নিত্যানন্দ
(মেন্ট)-এর প্রতিনিধিগণ।
সঙ্গীতশিল্পী অরিজিৎ সিংয়ের
একটি প্রতিকৃতি উপস্থাপন করা
হয়, যা এঁকেছেন ক্যান্সার আক্রান্ত
শিল্পী দেবরাজ। অনুষ্ঠানে 'হেল
ইন হারমনি' শিরোনামের এক
স্ক্রলদৈর্ঘ্যের চলচ্চিত্র প্রদর্শিত
হয়। পরিচালনা করেছেন জয়শ্রী
মুখার্জি। মনোমুগ্ধকর নৃত্য
পরিবেশনায় ছিলেন অঞ্জলি রায়
ও মৌ দত্তবণিক। ক্যান্সার শুধু
চিকিৎসাগত অবস্থা নয়, এটি
সাহস, সহমর্মিতা ও সামাজিক
সহযোগিতার মাধ্যমে লড়াই।